

ওয়ার্ডপ্রেস থিম এবং প্লাগইন ডেভেলপমেন্ট
Your Professional Trainer...
অ্যাডভান্সড
ওয়ার্ডপ্রেস
From Advanced To Professional
মো ঃ মিজানুর রহমান
চাইল্ড থিম এবং বাংলায় ব্লগিং
সম্পূর্ণ প্রজেক্ট
বাংলায় ওয়ার্ডপ্রেস সাইট
ওয়ার্ডপ্রেস সাইট ব্যবস্থাপনা
ওয়ার্ডপ্রেস সাইট এসইও
ওয়ার্ডপ্রেস সমস্যা সমাধান
এইচটিএমএল থেকে ওয়ার্ডপ্রেস থিম
More than just a book
বর্তমান সময়ে সবচেয়ে জনপ্রিয় কনটেন্ট ম্যানেজমেন্ট সিষ্টেম হচ্ছে ওয়ার্ডপ্রেস। ওয়ার্ডপ্রেস দিয়ে ব্লগ তৈরি করার পাশাপাশি যে কোন ধরনের ডাইনামিক ওয়েবসাইট তৈরি করা যায়। আর বর্তমানে লোকাল এবং ইন্টারন্যাশনাল মার্কেটে ওয়ার্ডপ্রেসের চাহিদা দিন দিন বেড়েই চলছে..!! তাই ওয়ার্ডপ্রেস শিখে যে কেউ তৈরি করে নিতে পারে তার আয়ের উৎস ।
With
CD
Latest Version of wordpress
ডাউনলোড
www.bookbd.info

# অ্যাডভান্সড

# ওয়াডপেস

পরবর্তী বই : প্রফেশনাল ওয়ার্ডপ্রেস

## বুকবিডি সিরিজ

www.bookbd.info

## অ্যাডভান্সড ওয়াডপেস

লেখক : বুকবিডি সিরিজ

স্বত্ব : বুকবিডি সিরিজ

প্রকাশক : শরীফ হাসান তরফদার
**জ্ঞানকোষ প্রকাশনী,**
৩৮/২-ক, বাংলাবাজার, ঢাকা-১১০০।
ফোন- ৭১১৮৪৪৩, ৮৬২৩২৫১
E-mail : gyankoshprokashoni@gmail.com
gk_tarafder@yahoo.com

প্রথম প্রকাশ : ডিসেম্বর ২০১২

সেটিং ও মেকাপ : বিশ্বজিৎ দাস

প্রচ্ছদ : মোঃ মোজাম্মেল হুসাইন (সজল)

কম্পোজ : কম্পিউটার লিট্যারেসি হাউস

মুদ্রণ : **নোভা প্রেস এন্ড পাবলিকেশন্স**
১৫/বি, মিরপুর রোড ঢাকা-১২০৫।
ফোন ঃ ৯৬৬৭৯১৯

ISBN :

মূল্য : ০০ টাকা মাত্র (সিডি সহ)।

www.bookbd.info

# উৎসর্গ

স ক ল ভা ষা শ হী দে র কে

www.bookbd.info

# কৃতজ্ঞতা

**মো: শরিফ হোসেন (শিহাব)**
Managing Director- **Bookbd**
Senior Developer -**South Asian ICT**
shihab@bookbd.info

www.bookbd.info

## *ধন্যবাদ ঃ*

১. মোঃ শরিফ হোসেন (শিহাব), ওয়েব প্রফেশনাল (সাউথ এশিয়ান আইসিটি)

২. ইমরান হোসেন, ওয়েব প্রফেশনাল (সাউথ এশিয়ান আইসিটি)

## এই বইটির সাথে ফ্রি যা রয়েছে :




ফ্রি সিডি

১. বইটির সাথে একটি ফ্রি সিডি আছে।

২. বইয়ে ব্যবহৃত সকল প্লাগইনস, উইজেটস ইত্যাদি সকল সফটওয়্যার সমূহ আপনারা সিডিতে পাবেন।

৩. এছাড়া এই বইতে দেখানো সকল প্রজেক্টসমূহ উক্ত সিডিতে দেয়া আছে।

www.bookbd.info

# পরিবেশক/প্রাপ্তি স্থান

www.bookbd.info

# ভূমিকা

তথ্য প্রযুক্তির এই যুগে ইন্টারনেটের ব্যবহার দিন দিন বেড়েই চলছে। ধীরে ধীরে এটি পরিনত হচ্ছে আমাদের দৈনন্দিন জীবনের এক অবিচ্ছেদ্ব অংশ হিসেবে। আমাদের দৈনন্দিন জীবনের বিভিন্ন প্রকার ক্ষেত্র যেমন ঃ যোগাযোগ, লেখাপড়া, বিনোদন ইত্যাদি প্রায় সকল ক্ষেত্রেই ইন্টারনেট তথা ওয়েবসাইটের ব্যবহার ও প্রয়োজনীয়তা  দিন দিন বৃদ্ধি পাচ্ছে। তাছাড়া ব্যবসায় প্রতিষ্ঠানের ক্ষেত্রেও এর গুরুত্ব অনেক কেননা, কোন প্রতিষ্ঠানের একটি ওয়েবসাইট থাকা মানে ২৪ ঘণ্টা সেই প্রতিষ্ঠানটির সেবা চালু থাকা। আর এই ওয়েবসাইট তৈরির রয়েছে বিভিন্ন উপায়। বর্তমানে ওয়েবসাইট তৈরির একটি গুরুত্বপূর্ণ মাধ্যম হল CMS (সিএমএস-কনটেন্ট ম্যানেজমেন্ট সিস্টেম)। বর্তমানে বহু ওয়েবসাইট এই সিএমএস দিয়ে তৈরি হচ্ছে। আর বিভিন্ন সিএমএস এর মধ্যে সবচেয়ে জনপ্রিয় ও সর্বাধিক ব্যবহৃত সিএমএস হচ্ছে ওয়ার্ডপ্রেস। সিএমএস দিয়ে তৈরি মোট ওয়েবসাইটের শতকরা প্রায় ৫৫ ভাগই তৈরি হয় ওয়ার্ডপ্রেস দিয়ে। প্রথমদিকে ওয়ার্ডপ্রেস শুধুমাত্র ব্লগিং এর জন্য ব্যবহার হলেও বর্তমানে প্রায় সব ধরনের ডাইনামিক ওয়েবসাইট তৈরিতে এটি ব্যবহার হয়ে থাকে। এটি এত জনপ্রিয় হওয়ার প্রধান কারণ হল ওয়ার্ডপ্রেস দিয়ে খুব সহজেই ওয়েবসাইট তৈরি করা যায়। ওয়ার্ডপ্রেস ব্যবহার করে যে কেউই ইচ্ছে করলে কোন প্রকার টেকনিক্যাল জ্ঞান ছাড়াই সহজে খুব সুন্দর এবং ডাইনামিক ওয়েবসাইট তৈরি করতে পারে। তাছাড়া ওয়ার্ডপ্রেস এর থিম, প্লাগইন সব বিনামূল্যে ব্যবহার করা যায়। আবার নিজের তৈরি  থিম, প্লাগইন অনলাইনে বিক্রিও করা যায়। বর্তমানে আমাদের দেশে বাংলায় ব্লগিং খুবই জনপ্রিয় হয়ে উঠেছে আর এই বাংলায় ব্লগ বা ওয়েবসাইট তৈরিতে ওয়ার্ডপ্রেস এ রয়েছে বিশাল সুবিধা। বর্তমানে একজন ওয়ার্ডপ্রেস ডেভেলপারের চাহিদা অনেক কেননা, লোকাল মার্কেটপ্লেস এবং  ফ্রীল্যান্সিং যে সকল সাইট রয়েছে, সেখানে ওয়ার্ডপ্রেস দিয়ে ওয়েবসাইট তৈরির হার দিন দিন  বেড়েই চলছে। এ দিক থেকে বিবেচনা করলে ওয়ার্ডপ্রেস শিখে একজন ব্যাক্তি তার কর্মসংস্থানের পথকে নিশ্চিত করে নিতে পারে। আর সহজে এবং স্বল্প সময়ে ওয়ার্ডপ্রেস শেখার জন্য লেখকের এই অ্যাডভান্সড ওয়ার্ডপ্রেস বইটি আন্যতম এক প্রয়াস। এই বইটির মাধ্যমে আপনি ওয়ার্ডপ্রেস সফটওয়্যার ইনস্টলেশন প্রক্রিয়া থেকে শুরু করে ওয়েবসাইট তৈরির পতিটি ধাপ সম্পর্কে সুনির্দিষ্ট ও স্পষ্ট ধারণা পাবেন। বাস্ব জীবনে কাজ করার প্রয়োজনীয়তার তাগিদে এই বইটিতে বিভিন্ন বাস্ব ভিত্তিক প্রজেক্টের ব্যবহার বিশ্তারিত ভাবে করে দেখানো হয়েছে। তাছাড়া ওয়ার্ডপ্রেস দিয়ে তৈরি ওয়েবসাইটগুলোর বিভিন্ন সমস্যা ও তা সমাধানের উপায়সমূহ এবং পাশাপাশি বিভিন্ন টিপস এবং ট্রিক্স নিয়ে আলোচনা করা হয়েছে এই বইটিতে।

www.bookbd.info

# লেখকের কথা

**মহান আল্লাহ্ তা'আলার অশেষ শুকরিয়া, বাংলাদেশে মাতৃভাষায় ''অ্যাডভান্সড ওয়ার্ডপ্রেস'' বইটি পাঠকদের হাতে তুলে দেবার জন্য। দেশের অগণিত পাঠকদের চাহিদা আর অনুরোধই আমাকে এই বইটি লেখার অনুপ্রেরণা যুগিয়েছেন।**

প্রথমেই মহান আল্লাহ তায়ালা'র কাছে অশেষ কৃতজ্ঞতা জানাই, যিনি আমাকে এ সামান্য জ্ঞান দান করেছেন-এ রকম একটি বই লেখার জন্য। এই বইটি লেখার পর আমার মনে অন্য রকম এক অনুভূতি হয়েছে-কারণ, বর্তমান সময়ে মানুষের সত্যিকার অর্থে যেটি প্রয়োজন, বিশেষ করে ফ্রীল্যান্সিং এ যারা নিজেদের ক্যারিয়ার গড়তে চান-এই বইটি হতে পারে তাদের উপার্জনের এক সহজ ও সঠিক পন্থা। বর্তমানে দেশে এবং দেশের বাইরে ওয়ার্ডপ্রেস এর রয়েছে প্রচুর চাহিদা যা অন্যান্য অনেক CMS এর চেয়ে অনেক বেশি। বইটি লেখার জন্য যারা গত দু'বছরেরও বেশি সময় ধরে আমাকে অনুরোধ করেছেন, তাদের অশেষ ধন্যবাদ।

বর্তমানে তথ্য-প্রযুক্তিভিত্তিক চাকুরির চাহিদা দিন দিন বাড়ছে। যেমন আমাদের দেশীয় সফটওয়্যার ইন্ডাষ্ট্রিতে, বৈদেশিক আইটি ইন্ডাষ্ট্রিতে এবং ফ্রীল্যান্সিং মার্কেটপ্লেস গুলোতে। ফাল্যান্সিং মার্কেটপ্লেস যেমন ঃ ওডেস্ক, ফ্রীল্যান্স, গুরু ইত্যাদি সাইটগুলো ভিজিট করলে দেখবেন, প্রতিদিন প্রচুর পরিমাণে ওয়ার্ডপ্রেস সাইট বিল্ডিং ডেভেলপমেন্ট এবং কাস্টমাইজেশন এর কাজ পাওয়া যায়। কিন্তু বেশির ভাগ কাজই অ্যাডভান্সড লেভেল এর যেমন-ওয়ার্ডপ্রেস থিম এবং প্লাগইন তৈরি। আর শিক্ষার্থীরা মূলত কাজ শিখার পাশাপাশি বাস্ব জীবনে কিছু করার আশাপ্রার্থী। তাই তাদের কথা মাথায় রেখেই আমার এই ''অ্যাডভান্সড ওয়ার্ডপ্রেস'' বইটি লেখা।

ওয়ার্ডপ্রেস হচ্ছে একটি ফ্রি, ওপেন সোর্স ব্লগিং টুল এবং CMS (Content Management System) যেটি PHP এবং MySQL দিয়ে তৈরি। ওয়ার্ডপ্রেস এর অনেকগুলো ফিচার এর মধ্যে অন্যতম হচ্ছে থিম (টেমপ্লেট) এবং প্লাগইন। তাই বর্তমান সময়ের চাহিদার কথা চিন্ত করে এই বইতে দেখানো হয়েছে, কিভাবে খুব সহজে থিম এবং প্লাগইন তৈরি করা যায়। আর এজন্য আপনাদের পূর্ব প্রোগ্রামিং অভিজ্ঞতার প্রয়োজন নেই। প্রয়োজন শুধু ইচ্ছের। কাউকে আর ট্রেনিং এর পেছনে ছুটতে হবে না। এখন থেকে এই বই ই হবে আপনার জন্য একজন প্রফেশনাল ট্রেইনার-কেননা, এই বইটি লেখা হয়েছে সম্পূর্ণ প্রফেশনাল অভিজ্ঞতার আলোকে। পরিশেষে, আপনাদের সবার দোয়া প্রার্থনা করছি, আমি-

নিবেদক

বুকবিডি

www.bookbd.info

facebook.com/ebookbd
facebook.com/groups/bookbd
infobook7@gmail.com

প্রিয় পাঠক,

আমরা বইটি লেখার সময় আপ্রাণ চেষ্টা করেছি, একটি ভাল বই লেখার জন্য। তারপরও আমাদের অজান্তে হয়তো বা কোন ভুল থাকতে পারে। সেক্ষেত্রে উক্ত ভুল-ত্রুটি গুলো ক্ষমার দৃষ্টিতে দেখার অনুরোধ রইল। এবং আপনাদের মতামত আমাদেরকে ই-মেইলের মাধ্যমে জানালে উপকৃত হবো। আমাদের ই-মেইল ঠিকানা ঃ infobook7@gmail.com । তাছাড়া, আপনারা যদি কোন বিষয়ে অভিজ্ঞ হয়ে থাকেন, তাহলে আপনারা হতে পারেন বুকবিডি সিরিজের একজন লেখক।

www.bookbd.info

## সূচিপত্র

### অ্যাডভান্স ওয়ার্ডপ্রেস

**অধ্যায় ঃ** **পৃষ্ঠা**

**প্রথম অধ্যায় ঃ** *ওয়ার্ডপ্রেস নিয়ে প্রাথমিক আলোচনা* **১৬**

১.১ : ওয়ার্ডপ্রেস কি? ....................১৭
১.২ : ওয়ার্ডপ্রেস এর ইতিহাস ....................১৭
১.৩ : ওয়ার্ডপ্রেস এর সুবিধা ....................১৭
১.৪ : Content Management System বা CMS কি? ....................১৭

**দ্বিতীয় অধ্যায় ঃ** *ওয়ার্ডপ্রেস সেটআপ* **১৮**

২.১ : ওয়ার্ডপ্রেস সেটআপ ....................১৯

২.২ : Server কি? ....................................................................১৯
২.৩ : যেভাবে কম্পিউটারে সার্ভার তৈরি করবেন ........................................১৯
২.৪ : Server test করা.................................................................২৭
২.৫ : XAMPP এর Physical অবস্থান ..............................................২৮
২.৬ : ডেটাবেজ তৈরি করা..............................................................২৮
২.৭ : Wordpress Installation ....................................................৩২
২.৮ : Wordpress এর Front-End পরিচিতি.........................................৪১
২.৯ : Wordpress এর Back-End পরিচিতি..........................................৪২

তৃতীয় অধ্যায় ঃ *ওয়ার্ডপ্রেস পোস্ট এবং এর বিভিন্ন বিষয়* ৪৪

৩.১ : পোস্ট (Post) ......................................................................৪৫
৩.২ : পোস্ট এর বিভিন্ন ফিচার সমূহ .....................................................৪৫
৩.৩ : Wordpress এ Post করা ........................................................৪৬
৩.৪ : Wordpress এর Post এ ইমেজ অ্যাড করা.....................................৪৮
৩.৫ : Wordpress Text Editor এর বর্ণনা .........................................৫৪
৩.৬ : Category ............................................................................৫৬
৩.৭ : Tag .....................................................................................৬০
৩.৮ : Tag Add করা .......................................................................৬১
৩.৯ : Tag Edit বা Delete করা .........................................................৬৩

চতুর্থ অধ্যায় ঃ *মিডিয়া (Media) এবং এর ব্যবহার*...............................................৬৬

৪.১ : Media ................................................................................৬৭
৪.২ : Media Library .....................................................................৬৮
৪.৩ : Media তে নতুন ফাইল অ্যাড করা ................................................৭২

পঞ্চম অধ্যায় ঃ *পেইজ (Pages) এবং এর ব্যবহার* ৭৫

৫.১ : Pages .................................................................................৭৬
৫.২ : নতুন পেইজ অ্যাড করা ...........................................................৭৭
৫.৩ : তৈরি করা পেইজ Edit, Trash, View করা ....................................৮২
৫.৪ : বিভিন্ন লুক এ পেইজকে শো করানো ................................................৮৫

ষষ্ঠ অধ্যায় ঃ *ওয়ার্ডপ্রেস এ কমেন্ট (Comments) এর ব্যবহার* ৮৯

৬.১: Comments (মন্তব্য) ...............................................................৯০
৬.২: Comment Unapprove করা ....................................................৯১

www.boighor.info

৬.৩: Comment Delete বা Trash করা ....................................................৯২
৬.৪: Comment Edit এবং Reply দেয়া ....................................................৯৩

**সপ্তম অধ্যায় ঃ** ***Appearance*** **৯৬**

৭.১: Appearance....................................................................................৯৭
৭.২: Themes ............................................................................................৯৭
৭.২.১: নতুন থিম ইনস্টল করা...........................................................১০২
৭.২.২: Online থেকে থিম ইনস্টল করা ..............................................১০৯
৭.২.৩: বিভিন্ন বৈশিষ্ট্যের ভিত্তিতে অনলাইন থেকে থিম ইনস্টল করা.....১১৪
৭.৩:Widgets.............................................................................................১১৬
৭.৩.১ : Widgets যেভাবে যুক্ত করবেন................................................১১৯
৭.৩.২ : কিছু Widgets এর ব্যবহার........................................................১২২
৭.৩.৩ : Text widget-এ ইমেজ লোড করা ............................................১২৭
৭.৩.৪ : Custom menu widget এর ব্যবহার .........................................১২৯
৭.৪ : Menues ...........................................................................................১৩২
৭.৪.১ : মেন্যু তৈরি করা .......................................................................১৩২
৭.৫ : Theme options..................................................................................১৪০
৭.৬ : Background ......................................................................................১৪১
৭.৬.১ : Background এ ইমেজ দেয়া......................................................১৪১
৭.৭: Header ..............................................................................................১৪৪
৭.৮: Editor ...............................................................................................১৪৭

**অষ্টম অধ্যায় ঃ** ***Wordpress Settings*** **১৫০**

৮.১: Wordpress Settings ..........................................................................১৫১
৮.২ General ............................................................................................১৫২
৮.৩ Writing .............................................................................................১৫৫
৮.৪: Reading ............................................................................................১৫৫
৮.৫: Media ...............................................................................................১৫৬

**নবম অধ্যায় ঃ** *ওয়ার্ডপ্রেস থিম* **১৫৯**

৯.১: Wordpress Theme কি ? ....................................................................১৬০
৯.২: Wordpress Theme এর গঠন ..............................................................১৬০
৯.৩: HTML Structure তৈরি করা ..............................................................১৬২
৯.৩.১: Header.php ফাইলের গঠন ..........................................................১৬২

www.bookbd.info

৯.৩.২: Footer.php ফাইলের গঠন........................................১৬৩
৯.৩.৩: Sidebar.php ফাইলের গঠন......................................১৬৩
৯.৩.৪: Index.php ফাইলের গঠন..........................................১৬৪
৯.৩.৫: The Loop ...........................................................১৬৭
৯.৪: Exclude Post from some categories.................................১৬৮
৯.৫: Header.php, Footer.php, Wordpress Tag.........................১৭০
৯.৫.১: Header.php..........................................................১৭০
৯.৫.২: Footer.php...........................................................১৭৩
৯.৬: single.php পেইজ...........................................................১৭৪
৯.৭: comments.php ফাইলের বর্ণনা.............................................১৭৭
৯.৮: The 404 template........................................................১৮১
৯.৯: Page.php ফাইলের বর্ণনা....................................................১৮২
৯.১০: Sidebar.php ফাইলের বর্ণনা................................................১৮৪
৯.১১: Style.css file...............................................................১৮৭
৯.১২: Function.php ফাইলের বর্ণনা...............................................১৯৪
৯.১৩: Custom page template.....................................................১৯৭
৯.১৪: Wordpress Theme Framework.......................................২০২
৯.১৫: আপনার Child Theme কে style করা....................................২০৩

**দশম অধ্যায় ঃ** ***ধাপে ধাপে HTML থেকে Wordpress থিম-এ Conversion*** **২০৪**

**ধাপ -১**: HTML ও CSS ফাইল সংগ্রহ...................................................২০৫
**ধাপ -২** : নির্ধারিত স্থানে ফাইল সেট করা.....................................................২০৫
**ধাপ -৩**: এইচটিএমএল ফাইলকে পিএইচপি ফাইল এ রূপান্তর করা......................২০৫
**ধাপ -৪**: Theme অপশন শো করানো........................................................২০৬
**ধাপ -৫**: থিম এর বর্ণনা প্রদান.................................................................২০৭
**ধাপ -৬**: থিম এ দেওয়া তথ্যসমূহ প্রদর্শিত হওয়া............................................২০৭
**ধাপ -৭**: css file কে index ফাইল এর সাথে লিংক করা...............................২০৮
**ধাপ -৮**: Theme Display..................................................................২০৯
**ধাপ -৯**: মেন্যু দেওয়া...........................................................................২০৯
**ধাপ -১০**: Main Content Loop........................................................২১০
**ধাপ -১১**: পেইজ তৈরি..........................................................................২১১
**ধাপ -১২**: ফ্রন্ট-এন্ড এ পেইজ শো করানো ..................................................২১১

**একাদশ অধ্যায় ঃ** ***HTML থেকে Wordpress Theme তৈরি*** **২১৩**

www.boibd.info

**ধাপ -১**: HTML ফাইল সংগ্রহ....২১৪
**ধাপ -২**: Index.html ফাইলকে Index.php তে রূপান্তর করা....২১৪
**ধাপ -৩**: Index.php ফাইলকে edit করা....২১৫
**ধাপ -৪**: Css অ্যাড করা....২২০
**ধাপ -৫**: header.php ফাইল এ code অ্যাড করা....২২০
**ধাপ -৬**: Sidebar.php ফাইল এ code অ্যাড করা....২২১
**ধাপ -৭**: Footer.php ফাইল এ code অ্যাড করা....২২৩
**ধাপ -৮** Index.php ফাইল এ code অ্যাড করা....২২৫
**ধাপ -৯**: Single.php ফাইল এ code অ্যাড করা....২২৭
**ধাপ -১০**: Single.php কে Page.php ফাইলে Save করা....২২৮
**ধাপ -১১**: Function.php ফাইল এ code অ্যাড করা....২২৮
**ধাপ -১২**: 404.php page....২২৯
**ধাপ -১৩**: Search.php ফাইল এ code অ্যাড করা....২৩০
**ধাপ -১৪**: Comments.php ফাইল....২৩০

**দ্বাদশ অধ্যায় ঃ** ***Chile Theme তৈরি বা Theme customization*** ২৩২

Chile Theme তৈরি বা Theme customization....২৩৩

**ত্রয়োদশ অধ্যায় ঃ** *ওয়ার্ডপ্রেস প-াগইন*
**২৫১**

১৩.১: ওয়ার্ডপ্রেস প্লাগইন কি?....২৫২
১৩.২: প্লাগইন ইনস্টলেশন....২৫২
১৩.২.১ : কম্পিউটার থেকে ইনস্টল করার পদ্ধতি....২৫৫
১৩.২.২ : ইন্টারনেট থেকে ইনস্টল....২৫৯
১৩.২.৩ : Plugin অপসারন করা....২৬৪
১৩.৩: ওয়ার্ডপ্রেস এ প্লাগইন এর অবস্থান....২৬৬
১৩.৪: প্লাগইন তৈরি করা....২৬৭
১৩.৪.১: প্লাগইন নেইম (Plugin name)....২৬৮
১৩.৪.২: প্লাগইন ফাইলস (Plugin files)....২৬৮
১৩.৪.৩: Readme file....২৬৮
১৩.৪.৪: হোম পেইজ (Home Page)....২৬৮
১৩.৪.৫: ফাইল হেডার....২৬৮
১৩.৪.৬: প্লাগইন প্রোগ্রামিং....২৬৯
১৩.৪.৭: ওয়ার্ডপ্রেস প্লাগইন Hooks....২৬৯

www.bdbd.info

১৩.৪.৮: টেমপ্লেট ট্যাগ (Template Tag)...............................২৬৯
১৩.৪.৯: প্লাগইন এর ডেটা Database এ সেভ করা ....................২৬৯
১৩.৪.১০: ওয়ার্ডপ্রেস option mechanism ............................২৭০
১৩.৫: Administrative panel...................................................২৭০

**চতুর্দশ অধ্যায় ঃ** *বেসিক ওয়ার্ডপ্রেস প্লাগইন* **২৭২**

১৪.১ : Plugin.......................................................................২৭৩
১৪.২: Basic Wordpress Plugin ..............................................২৭৩
১৪.৩: Plugin Files and Names..............................................২৭৫
১৪.৪: Plugin Basic...............................................................২৮২
১৪.৫: Hellow World plugin টেষ্ট ..........................................২৮৬
১৪.৬ : আউটপুট পরিবর্তন ......................................................২৯০
১৪.৭ : ওয়েলকাম মেসেজ প্লাগইন (Welcome Message Plugin)........২৯৪
১৪.৭.১ : ফাইল তৈরি...............................................................২৯৪
১৪.৭.২ : প্লাগইন অ্যাকটিভেট করা..............................................২৯৬
১৪.৭.৩ : প্লাগইন আউটপুট.........................................................২৯৭

**পঞ্চদশ অধ্যায় ঃ** *১০ টি প্লাগইন এর বর্ণনা যা অবশ্যই থাকা জরুরী*
**২৯৯**

১৫.১: WP-DB Backup প্লাগইন.................................................৩০০
১৫.২: A Kismet প্লাগইন.........................................................৩০০
১৫.৩: All in one SEO প্লাগইন..................................................৩০১
১৫.৪: WpTouch প্লাগইন...........................................................৩০২
১৫.৫: WP-Ty Photography প্লাগইন...........................................৩০৩
১৫.৬: Wordpress.com status প্লাগইন..........................................৩০৫
১৫.৭: Contact form7 প্লাগইন......................................................৩০৫
১৫.৮: Fancy box Wordpress প্লাগইন........................................৩০৬
১৫.৯: Sharedaddy প্লাগইন..........................................................৩০৭
১৫.১০: WP-Page Navi প্লাগইন....................................................৩০৮

**ষোড়শ অধ্যায় ঃ** *বাংলায় ওয়েবসাইট বা ব্লগ তৈরি করা*
**৩১০**

১৬.১: বাংলায় ওয়ার্ডপ্রেস.............................................................৩১১
১৬.২: যেভাবে ইনস্টল করবেন........................................................৩১১
১৬.৩: বাংলায় মেন্যু তৈরি ...........................................................৩১৫

www.boibd.info

**সপ্তদশ অধ্যায় ঃ** *ওয়ার্ডপ্রেস কে SEO করা* **৩২১**

১৭.১: সার্চ ইঞ্জিন অপটিমাইজেশন কি?.....৩২২
১৭.২: All in one SEO Plugin Install .....৩২২

**অষ্টাদশ অধ্যায় ঃ** *ওয়ার্ডপ্রেস প্রোজেক্ট* **৩২৯**

Wordpress Project.....৩৩০

**উনবিংশ অধ্যায় ঃ** *অন্যান্য* **৩৮২**

১৯.১ : ড্রপ ডাউন মেন্যু তৈরি.....৩৮৩
১৯.২ : পেইজ পিল .....৩৮৭

**বিংশ অধ্যায় ঃ** *টিপস অ্যান্ড ট্রিক্স* **৩৯৩**

২০.১: নতুন পোষ্ট সম্পর্কে ইউজারদের নোটিফিকেশন দেয়া.....৩৯৪
২০.২: Youtube থেকে video-Wordpress এ অর্ন্তভূক্ত করা.....৩৯৬
২০.৩: Wordpress সাইটে Favicon যুক্ত করা.....৪০০
২০.৪: ওয়ার্ডপ্রেসে Home পেজ যদি Static পেজ হয়, তাহলে ব্লগ পেইজে পোষ্ট শো করানোর জন্য কোড ব্যবহার করা.....৪০৩
২০.৫: পেইজের বিভিন্ন অংশে অ্যাডসেন্সের অ্যাড শো করানো.....৪০৪
২০.৬: Twenty eleven থিমের লগো এবং সাইট টাইটেল পরিবর্তন করা.....৪০৫
২০.৭: পোষ্ট বা পেইজের সাথে Meta Description ফিল্ড অ্যাড করা.....৪০৬
২০.৮: পোষ্টকে বিভিন্ন কলামে দেখানো.....৪০৭
২০.৯: সাইটে Twitter follower counter যুক্ত করা.....৪০৭
২০.১০: পোষ্টে নাম্বার যুক্ত করা.....৪০৮
২০.১১: প্লাগইন ব্যবহার করে ওয়ার্ডপ্রেস এর ডেটাবেস এর ব্যাকআপ রাখা.....৪০৮
২০.১২: Category List কে Horizontal Drop Down মেন্যুতে দেখানো.....৪০৯
২০.১৩: ওয়ার্ডপ্রেস এর লগইন পেইজের লগো পরিবর্তন করা.....৪১২
২০.১৪: Upcoming Post বা ভবিষ্যত পোষ্ট এর লিস্ট দেখানো।.....৪১৩
২০.১৫: পোষ্টে PDF Viewer তৈরি করা.....৪১৩
২০.১৬: টাইটেলে সর্বোচ্চ কত word লিখতে পারবে, তা নির্ধারণ করে দেওয়া.....৪১৪
২০.১৭: Twitter ষ্টাইলে পোষ্টের সময় দেখানো.....৪১৪
২০.১৮: ওয়ার্ডপ্রেস সাইট এর স্পিড বাড়ানোর উপায়.....৪১৫
২০.১৯: Dropdown আকারে Category শো করানো.....৪১৫
২০.২০: ওয়ার্ডপ্রেস এর Editor এর Font পরিবর্তন করা.....৪১৬
২০.২১: Contributors দের ফাইল আপলোড করার অনুমতি দেয়া.....৪১৭

www.bookbd.info

২০.২২: ওয়ার্ডপ্রেস এর ড্যাশবোর্ড এর হেডার Logo পরিবর্তন করা........................৪১৮
২০.২৩: কাস্টমারাইজ ওয়ার্ডপ্রেস লগইন ফম তৈরি করা........................................৪১৮
২০.২৪: অটোমেটিক্যালি বড় ইমেজকে ছোট করে আপলোড করা ............................৪১৮
২০.২৫: পোস্ট এবং কমেন্টস কতক্ষন আগে করা হয়েছে, তা দেখানো .....................৪১৯
২০.২৬: রেজিষ্টারড ইউজারদের মেসেজ পাঠানো ................................................৪১৯
২০.২৭: লেখকের কমেন্টকে ভিন্ন ব্যাকগ্রাউন্ড কালারে দেখানো.................................৪২০
২০.২৮: পোস্টে Expire Date যুক্ত করা........................................................৪২০
২০.২৯: Category তে আইকন সেট করা .......................................................৪২১
২০.৩০: নির্দিষ্ট ক্যাটাগরি থেকে সর্বশেষ পোস্ট শো করানো ...................................৪২১

www.bookbd.info

# প্রথম অধ্যায়

# ওয়ার্ডপ্রেস নিয়ে প্রাথমিক আলোচনা

www.bookbd.info

## ১.১ ঃ ওয়ার্ডপ্রেস কি?

ওয়ার্ডপ্রেস হচ্ছে একটি ওপেন সোর্স CMS (Content Management System)। ওয়ার্ডপ্রেস মূলত ওয়েবসাইট তৈরিতে ব্যবহার করা হয়। ওয়ার্ডপ্রেস দিয়ে খুব সহজে ডাইনামিক ওয়েবসাইট তৈরি করা সম্ভব।

বর্তমানে ব্লগিং-এ ওয়ার্ডপ্রেস বহুল ব্যবহৃত এবং সর্বাধিক জনপ্রিয় কনটেন্ট ম্যানেজমেন্ট সিস্টেম। ওয়ার্ডপ্রেসের মাধ্যমে যে কেউ প্রোগ্রামিং জ্ঞান ছাড়াই সহজে ডাইনামিক সাইট তৈরি করতে পারবে। তাছাড়া ওয়ার্ডপ্রেসের মাধ্যমে চাইলে বাংলা ভাষাতেও ওয়েবসাইট বা ব্লগ তৈরি করা যাবে। এই CMS সফটওয়্যারটি বিনামূল্যে ব্যবহার করা যায়। তাছাড়া এর সকল থিম, প্লাগইন বিনামূল্যে ব্যবহার করা যায়। ওয়ার্ডপ্রেসের সর্বশেষ ভার্সন ডাউনলোড করতে www.wordpress.org/download এখানে visit করুন। আপনাদের সুবিধার্থে Wordpress Software টি বইয়ের সাথে দেয়া সিডিতে Softwares ফোল্ডারে দেয়া আছে।

## ১.২ ঃ ওয়ার্ডপ্রেস এর ইতিহাস

ম্যাট মুলেন ওয়েগ ২০০৩ সালের মে মাসে সর্ব প্রথম ওয়ার্ডপ্রেস প্রকাশ করে। এর পর থেকে বর্তমান সময় পর্যন্ত ওয়ার্ডপ্রেস খুব সফলতার সাথে চলে আসছে। তবে শুরুর দিকে ওয়ার্ডপ্রেস শুধু ব্লগিং এর জন্য ব্যবহার হলেও বর্তমানে নানা ধরনের ডাইনামিক ওয়েবসাইট তৈরিতেও ওয়ার্ডপ্রেস ব্যবহার হয়ে থাকে। ওয়ার্ডপ্রেস সিএমএস-টি পিএইচপি ফ্রেমওয়ার্ক এবং মাইএসকিউএল ডেটাবেজ এর সমন্বিত রূপ। ২০০৯ সালে ওপেন সোর্স কন্টেন্ট ম্যানেজমেন্ট সিস্টেম শেয়ার মার্কেট রির্পোট অনুযায়ী দেখা যায়-ওয়ার্ডপ্রেস অধিক জনপ্রিয়তা অর্জন করে। আর এভাবেই ওয়ার্ডপ্রেস সফলতার সাথে বর্তমান সময় পর্যন্ত চলে আসছে।

## ১.৩ ঃ ওয়ার্ডপ্রেস এর সুবিধা

- word press দিয়ে একটি ওয়েব সাইট তৈরি করা এবং রান করানো অনেক সহজ।
- ফ্রিল্যাসিং সাইট গুলোতে ওয়ার্ডপ্রেস এর অনেক কাজ পাওয়া যায়।
- ওয়ার্ড প্রেস best CMS Award প্রাপ্ত [2007,2009]
- বিশ্বের ২০২ মিলিয়ন এরও বেশি ওয়েব সাইট ওয়ার্ডপ্রেস দিয়ে তৈরি ।
- Blog তৈরির জন্য সবচেয়ে ভাল CMS হচ্ছে Wordpress।
- Wordpress শিখার জন্য কোন Technical Skill এর প্রয়োজন নেই।
- ওয়ার্ডপ্রেস হোষ্টিং এর জন্য কোন টাকা লাগেনা।

## ১.৪ ঃ Content Management System বা CMS কি?

Content Management System হচ্ছে একটি সফটওয়্যার, যেটি দিয়ে আপনি খুব সহজে অল্প সময়ে প্রত্যেকটি কন্টেন্টকে আপনার Website এ রাখতে পারেন। Content হতে পারে Simple text, photos, music, video, documents or just about anything you can think. আর Wordpress সেই রকম একটি Powerful CMS.

www.boibd.info

# দ্বিতীয় অধ্যায়

# ওয়ার্ডপ্রেস সেটআপ



## ২.১ ঃ ওয়ার্ডপ্রেস সেট আপ

ওয়ার্ডপ্রেস সেট আপ করার জন্য প্রথমেই আমাদের পিসি কে সার্ভার পিসি তে রূপান্তর করতে হবে। তাই আমাদের PC তে প্রথমে সার্ভার সেট আপ করতে হবে এবং তার পর ওয়ার্ডপ্রেস ইন্সটল (Install) করতে হবে।

## ২.২ ঃ Server কি?

Server হচ্ছে একটি বিশেষ কম্পিউটার যেটি অন্য কম্পিউটার যেমন Guest user (ব্যবহারকারী) কে service প্রদান করে এবং আপনি আপনার ডায়নামিক ওয়েবসাইট ঐ কম্পিউটারে চালাতে পারবেন।

## ২.৩ ঃ যেভাবে কম্পিউটারে সার্ভার তৈরি করবেন।

প্রথমে আপনাকে XAMPP Software টি সংগ্রহ করতে হবে। এটি সংগ্রহের জন্য আপনি www.apachefriends.org/en/xamp-windows.html এ গিয়ে XAMPP Software টি ডাউনলোড করে নিতে পারেন অথবা আমাদের দেয়া সিডিতে Softwares ফোল্ডার থেকে সংগ্রহ করতে পারেন। অন্যান্য Software যেভাবে ইন্সটল করতে হয় XAMPP ও সেভাবে ইন্সটল করতে হয়। XAMPP ইন্সটলের (Install) জন্য নিম্নলিখিত ধাপগুলো অনুসরন করুন।

প্রথমে সিডির Software ফোল্ডারটি Open করুন এবং xampp-win32-1.7.7-VC9-installer.exe তে ডাবল click করলে নিচের চিত্রের মতো দেখতে পাবেন।





চিত্রঃ ২.৩.১ (XAMPP Installation)।




ebookbd.info

OK তে click করুন।





চিত্রঃ ২.৩.২ (XAMPP Installation)।

এবারও OK তে click করুন।





চিত্রঃ ২.৩.৩ (XAMPP Installation) ।

Next এ click করুন এবং সেখানে নিচের চিত্রের মতো একটি window দেখতে পাবেন। এখানে আপনি আপনার কম্পিউটারের কোন ড্রাইভে XAMPP Install করতে চান তা দেখিয়ে দিন।




চিত্র: ২.৩.৪ (XAMPP Installation)।


Next এ click করুন। নিচের চিত্রের মতো দেখতে পাবেন।




চিত্র : ২.৩.৫ (XAMPP Installation) ।


এখান থেকে *Install Apache as Service* এবং *Install MySQL as Service* অপশন দুটি টিক দিয়ে দিন।

তারপর Install এ click করুন।




চিত্রঃ ২.৩.৬ (XAMPP Installation) ।


নিচের চিত্রের মতো একটি window দেখতে পাবেন এবং এখানে কিছুক্ষণ অপেক্ষা করুন।




চিত্র: ২.৩.৭ (XAMPP Installation)।

তারপর Finish এ click করুন। কিছুক্ষণ অপেক্ষা করুন। একটি Dialog box আসবে, সেখান থেকে Ok তে click করুন। তারপর একটি Dialog box আসবে, সেখান থেকে Yes এ click করুন।

এরপর XAMPP Control Panel টি ওপেন হবে।





চিত্র: ২.৩.৮ (XAMPP Control Panel)।

এখানে যদি Apache এবং MySQL running থাকে, তাহলে বুঝবেন ঠিকভাবে ইন্সটল হয়েছে। আর যদি running না থাকে, তাহলে Apache এবং MySQL এর ডান পাশে Start এ click করুন। তাহলে আপনার PC তে Server তৈরি হয়ে যাবে। পরবর্তীতে XAMPP আপনি দুইভাবে ওপেন করতে পারবেন। একটি পদ্ধতি হলো XAMPP এর শর্টকাট আইকন, যা আপনার Desktop এ থাকবে।





চিত্রঃ ২.৩.৯ (XAMPP এর Desktop Shortcut)।

আরেকটি পদ্ধতি হলো Start থেকে All programs এ click করতে হবে।




চিত্র: ২.৩.১০ (XAMPP Control Panel Open)।

তারপর Apache Friends এ click করতে হবে।




চিত্র: ২.৩.১১ (XAMPP Control Panel Open)।


তারপর XAMPP এ click করে XAMPP Control Panel এ click করলে XAMPP Control Panel চলে আসবে।

## ২.৪ ঃ Server test করা

Install করার পর দেখতে হবে এটি ঠিকঠাক মতো Install হয়েছে কিনা, অথবা Run করছে কিনা। সেই জন্য কোন একটি ব্রাউজার Internet Explorer, Mozilla Firefox, Opera কোন একটি দিয়ে চেক করতে পারেন। এর জন্য আপনি নিচের পদক্ষেপ নিন।

প্রথমে আপনি আপনার Browser এর address bar এ http://localhost লিখে Enter প্রেস করুন।

যদি screen এ XAMPP লেখা নিচের মতো একটি screen আসে, তাহলে বুঝবেন আপনার PC তে Server সঠিক ভাবে কাজ করছে।




চিত্র: ২.৪.১ (সার্ভার টেষ্ট করা)।

## ২.৫ ঃ XAMPP এর Physical অবস্থান

এখন প্রশ্ন হল, আপনি যে XAMPP টি install করেছেন, এটি আপনার কম্পিউটারের কোথায় আছে, কোন ড্রাইভে আছে এবং এর লোকেশনটা কি? এটি সাধারণত (by default) কম্পিটারের C (System Drive) ড্রাইভে থাকে।

C-ড্রাইভ ওপেন করুন। এখানে কয়েকটি Folder দেখা যাবে। যেমনঃ Windows, Program Files, XAMPP ইত্যাদি। XAMPP-এটিই আপনার সেই install করা XAMPP সফটওয়্যার। XAMPP folder টি ওপেন করলে অনেকগুলো folder দেখতে পাবেন, যেমন ঃ Apache, Php, Phpmyadmin, Mysql, htdocs ইত্যাদি। আমরা কাজ করব mysql এবং htdocs ফোল্ডার নিয়ে।

## ২.৬ ঃ ডেটাবেজ তৈরি করা


Wordpress Install করার পূর্বে আমাদেরকে ডেটাবেজ তৈরি করতে হবে। এরপর আপনার Browser (Internet explorer, Mozilla Firefox or Opera etc.) এর address bar এ http://localhost লিখে Enter প্রেস করুন।

যদি screen এ নিচের মতো window প্রদর্শিত হয়, তাহলে বুঝবেন আপনার PC তে Server সঠিক ভাবে কাজ করছে।




চিত্র: ২.৬.১ (সার্ভার টেস্ট করা)।

এখন Language নির্বাচনের জন্য English এ Click করুন।
Language English এ Click করার পর নিম্নের মতো একটি চিত্র পাবেন।





চিত্র: ২.৬.২ (XAMPP এর হোম পেজ)।

বাম পর্শ্বের নিচের দিকে phpMyAdmin এ Click করুন।





চিত্র : ২.৬.৩ (XAMPP এর হোম পেজ থেকে php MyAdmin এ ক্লিক করা)।

এবার যে পেজটি আসবে সেখান থেকে Databases এ click করুন।




চিত্র: ২.৬.৪ (Database তৈরি)।

এবার নিচের মতো পেইজ আসবে।





চিত্রঃ ২.৬.৫ (Database তৈরি)।

Database তৈরি করার জন্য Create new database এর নিচে Database এর একটি নাম দিন। নাম আপনি যে কোন কিছুই দিতে পারেন। তবে আমি এখানে Database এর নাম দিয়েছি wordpress। নাম লেখা হলে create বাটনে Click করুন।

## ২.৭ ঃ Wordpress Installation


আমরা এখন দেখবো যে, কিভাবে ওয়ার্ডপ্রেস ইন্সটল করতে হয়। Wordpress ইন্সটল করার জন্য আমরা প্রথমে আমাদের পিসিকে সার্ভার পিসিতে রূপান্তর করেছি এবং wordpress নামে একটি Database তৈরি করেছি। Wordpress Install করার জন্য প্রথমে Wordpress Software টি সংগ্রহ করতে হবে। এজন্য আমরা www.wordpress.org/download এ গিয়ে Wordpress এর সর্বশেষ ভার্সন download করতে পারি অথবা বইয়ের সাথে দেয়া CD তে softwares ফোল্ডারের ভিতরে wordpress-3.3.3.zip ফাইলটি দেওয়া আছে। চাইলে সেখান থেকেও আপনারা Wordpress software টি সংগ্রহ করতে পারেন। এখানে Zip  এবং UnZip দুইভাবেই দেওয়া আছে।  আপনি চইলে UnZip করা ফোল্ডার কপি করেও কাজ করতে পারেন।

এখন CD থেকে আপনি UnZip করা wordpress নামের ফোল্ডারটি কপি করে C ড্রাইভে XAMPP নামের ফোল্ডারের ভিতর htdocs ফোল্ডারের ভিতর paste করে দিন।





চিত্র: ২.৭.১ (Wordpress এর Local folder)।

এখন আপনি আপনার ব্রাউজারে Address bar এ লিখুন http://localhost/wordpress এবং Enter চাপুন।





চিত্র: ২.৭.২ (Wordpress ইন্সটলেশন)

এরপর Create a Configuration File এ click করুন।





চিত্র: ২.৭.৩ (Wordpress Installation)।

এরপর নিচের চিত্রের মতো একটি পেইজ আসবে।




চিত্র: ২.৭.৪ (Wordpress Installation)।

এখানে Lets go তে click করুন। তারপর নিচের চিত্রের মতো একটি পেইজ আসবে।




চিত্রঃ ২.৭.৫ (Wordpress Installation)।


এখানে Database Name এর ঘরে যে নামে Database তৈরি করা হয়েছে সেটি লিখুন। যেমন আমি এখানে wordpress দিয়েছি ।

User Name এ root লিখুন।

Password এর ঘর খালি রাখুন।

Database Host এর ঘরে localhost লিখুন।

Table prefix এর ঘরে wp_ লিখুন এবং তারপর Submit এ click করুন।




চিত্র: ২.৭.৬ (Wordpress Installation)।


নিচের চিত্রের ন্যায় একটি Window আসবে।




